দৈনিক খবর

155

তারিখ 28 AUG 1990
পৃষ্ঠা 6 কলাম 7

86

# তা সামাজিক অপরাধের শামিল হবে ঃ ভিসি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞা বিশ্ববিদ্যালয়ের সকল সম্পদ ও সুযোগ-সুবিধার সদ্ব্যবহার করার জন্য নবাগত ছাত্র-ছাত্রীদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রদত্ত সুযোগ-সুবিধার যদি অপব্যবহার হয় তাহলে সেটা সামাজিক অপরাধের শামিল বলে পরিগণিত হবে।

ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে গত রোববার অনুষ্ঠিত ইংরেজী, সাংবাদিকতা, গ্রন্থাগার ও তথ্য ইতিহাস এবং ইসলামের ইতিহাস বিভাগের প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ছাত্র-ছাত্রীদের 'পরিচিতি অনুষ্ঠানে' প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করে উপাচার্য বলেন, সমস্যা যদি সমস্যা হিসেবে উপস্থাপন করা হয় তাহলে তা অবশ্যই আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান করা হবে' কিন্তু সমস্যাকে যদি অভিযোগ হিসেবে আনা হয় তাহলে তা সমাধান করতে হাজারও সমস্যার সম্মুখীন হতে

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মিসেস মেহেরুননেসা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে আরও বক্তব্য রাখেন কলা অনুষদের ডীন ডঃ ওয়াকিল আহমেদ, ইংরেজী বিভাগের চেয়ারম্যান ডঃ সৈয়দ মনজুরুল ইসলাম, ডঃ শাহাদাত আলী, ডঃ গোলাম রহমান, মাধব চন্দ্র দে, শামসুল হুদা, মোঃ রমজুল হক, কামরুল আহসান চৌধুরী, আলমগীর হোসেন এবং মোঃ শামছুল হক।